

🔳 আল-ফাতহ | Al-Fath | الْفَتْح

আয়াতঃ ৪৮: ১৪

আরবি মূল আয়াত:

وَ لِللهِ مُلكُ السَّمَٰوٰتِ وَ الأَرضِ اَ يَغْفِرُ لِمَن يَّشَاءُ وَ يُعَذِّبُ مَن يَّشَاءُ اَ اللهُ عَفُورًا رَّحِيمًا ﴿١٢﴾

আসমানসমূহ ও যমীনের সার্বভৌমত্ব আল্লাহর; তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন, আর যাকে ইচ্ছা শাস্তি দেন। আর আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। — আল-বায়ান

আসমান যমীনের রাজত্ব আল্লাহর; যাকে চান তিনি ক্ষমা করেন, যাকে ইচ্ছে 'আযাব দেন। আল্লাহ বড়ই ক্ষমাশীল, অতি দয়ালু। — তাইসিরুল

আকাশমন্তলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহর; তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। তিনি ক্ষমাশীল ও পরম দয়ালু। — মুজিবুর রহমান

And to Allah belongs the dominion of the heavens and the earth. He forgives whom He wills and punishes whom He wills. And ever is Allah Forgiving and Merciful. — Sahih International

১৪. আসমানসমূহ ও যমীনের সর্বময় কর্তৃত্ব আল্লাহরই, তিনি যাকে ইচ্ছে ক্ষমা করেন এবং যাকে ইচ্ছে শাস্তি দেন। আর আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।

তাফসীরে জাকারিয়া

- (১৪) আকাশমন্তলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই; তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাকে ইচ্ছা শাস্তি দেন। তিনি চরম ক্ষমাশীল, পরম দয়ালু। [1]
 - [1] এখানে পশ্চাতে অবস্থানকারীদের জন্যে তওবা ও আল্লাহর দিকে প্রত্যাবর্তন করার প্রতি প্রেরণা দেওয়া হয়েছে যে, তারা যদি মুনাফিকী থেকে তওবা করে নেয়, তবে মহান আল্লাহ তাদেরকে ক্ষমা করে দেবেন। তিনি অতীব ক্ষমাশীল, পরম করুণাময়।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4597

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন